সিলেটে চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটির দুইমাসব্যাপী ফ্রি চিকিৎসা সেবা সমাপ্ত

চেম্বার ডেস্ক:: সেচ্ছাসেবী সামাজিক সংগঠন ‘চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটি’ (সিএফসি) এর উদ্যোগে এবং হেলথ সার্ভিস ফোরাম সিলেটের পরিচালনায় ৬নং ওয়ার্ডে দুইমাসব্যাপি “করোনাকালীন চিকিৎসাসেবা কর্মসূচী ২০২০” নামে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ কার্যক্রমের অষ্টম এবং শেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

সংগঠনের উদ্যোগে দুইমাস ব্যাপী বিনামূল্যে স্বাস্থ্যসেবা কর্মসূচীর শেষ দিনে গতকাল সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়। সিলেট সিটি করপোরেশনের ৬নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৬ নং ওয়ার্ড কাউন্সিলর ফরহাদ চৌধুরী শামীম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সিলেট কিডনি ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ডা. শাহ মোস্তফা শাহজামান চৌধুরী বাহার, অধ্যাপক ডা. শামসুল আলম হেলাল, হেলথ সার্ভিস ফোরামের প্রধান সমন্বয়ক ডা.ফাতেমা ইয়াসমিন, ডা. শাকিলুর রহমান, রংধনু চৌকিদেখী সিলেটের সাধারণ সম্পাদক জী ডি রুমু, চৌকিদেখী জামে মসজিদের কোষাধ্যক্ষ সোহরাব আহমেদ পবলু, পুষ্পাঞ্জলি সংঘ দুর্গাপূজা উদযাপন পরিষদের সভাপতি সমিরন নাথ এবং সৈয়দ মুগ্নী তরঙ্গ সমাজ উন্নয়ন কমিটির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামাল উদ্দিন এছাড়াও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ অনুষ্টানে উপস্থিত ছিলেন।

সমাপনী অনুষ্ঠানে চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটি (সিএফসি) পক্ষ থেকে করোনা কালীন চিকিৎসা সেবা প্রদানের জন্য হেলথ সার্ভিস ফোরাম সিলেটকে বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। সেই সাথে স্থানীয় কাউন্সিলর ফরহাদ চৌধুরী শামীমকে মানবিক কাজে সফলভাবে নেতৃত্ব দেয়ার জন্য চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটি বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করেন সংগঠনের সদস্যরা।

চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটির বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান কর্মসূচী ২০২০ এর সূচনালগ্ন থেকে বিভিন্ন সংগঠন সার্বিকভাবে সহযোগিতার হাত প্রসারিত করায় তাদের পক্ষ থেকে ধন্যবাদ এবং

কৃতজ্ঞা জ্ঞাপন করে সংগঠনের নেতৃবৃন্দের হাতে বিশেষ সম্মাননা ক্রেস্ট তুলে দেওয়া হয়।

চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটির সদস্য প্রদীপ ধর রন্টুর সভাপতিত্ব এবং তরুণ সমাজ সেবক সালমান আহমদ রানার পরিচালনায় সমাপনী অনুষ্ঠানে সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখেন রহুল আমিন লাভলু, তন্ময় নাগ তনু, মহিবুল লাহী, এনাম আহমদ, রঞ্জিত নাথ ও রফিক আহমদ।

আয়োজক কমিটির পক্ষ থেকে দেওয়া বক্তব্যে সংগঠনের সদস্যরা বলেন, করোনাকালীন সময়ে আমরা লক্ষ্য করেছি সমাজের সুবিধা বঞ্চিত,গরীব-অসহায় মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে,দেশ ও জাতির ক্রান্তিলগ্নে সাধারণ মানুষের অসহায় আর্তী আমাদের বিবেককে নাড়া দেয় এবং সবার জন্য চিকিৎসা এই মর্ম অনুধাবন করে আমরা বাল্যবন্ধুরা একত্রিত হয়ে একটি ক্ষুদ্র প্রয়াস চালিয়ে ছিলাম মাত্র, যা আপনাদের সকলের অকান্ত পরিশ্রম আর অকুন্ঠ সমর্থন আশানুরূপ সাফল্য এনে দিয়েছে।

তারা বলেন, আমাদের এই প্রচেষ্টা সফলতার মুখ দেখেছিলো কেবল মাত্র ৬ নং ওয়ার্ড কাউন্সিলর ফরহাদ চৌধুরী শামীম’র সার্বিক তত্ত্বাবধানের ফলে। শুরু থেকে শেষ অবধি তিনি আমাদের পাশে থেকে সাহস দিয়ে গেছেন। পাশাপাশি বিভিন্ন সামাজিক সংগঠন আমাদের এই উদ্যোগে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ায় কাজটি আমাদের জন্য সহজ হয়েছে। আমরা বিশেষভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি হেলথ সার্ভিস ফোরামের প্রতি যারা এই কঠিন সময়ে জীবনের ঝুঁকি নিয়ে আর্তমানবতার সেবায় এগিয়ে এসেছেন।

আপনাদের সকলের সহযোগিতায় চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটি এইভাবে সবসময় সাধারণ মানুষের কথা মাথায় রেখে জনকল্যাণমুখী মানবিক উদ্যোগ অব্যাহত রাখবে।

প্রধান অতিথির বক্তব্যে কাউন্সিলর ফরহাদ চৌধুরী শামীম বলেন, পুরো বিশ্বের ন্যায় আমরা বর্তমানে একটি অস্বাভাবিক পরিস্থিতির মধ্য দিয়ে জীবনযাপন করছি। এই দুর্যোগময় মুহুর্তে সমাজের নিন্ম আয়ের সুবিধা বঞ্চিত মানুষজন খুবই মানবেতর জীবনযাপন করছে,হাসপাতা, ক্লিনিক এমন কী ফার্মেসীগুলোতেও মানুষ সাধারণ চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে এমন এক কঠিন সময়ে চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটি যে মহতী উদ্যোগ নিয়েছি তা নিসন্দেহে প্রশংসনী এবং জনকল্যাণমুখী। সংগঠনটি প্রতি শনিবার ধারাবাহিকভাবে গত দুই মাস ধরে তাদের এই

বিনামূল্যে চিকিৎসাসেবা ও ঔষধ বিতরণ কার্যক্রম পরিচালনা করে গেছে যার ফলে এই ওয়ার্ড’র কয়েক শতাধিক গরীব অসহায় মানুষ উপকৃত হয়েছে। সংগঠনের সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন চাইল্ডহুড ফ্রেন্ডস চ্যারিটির এমন মানবিক কাজ ভবিষ্যতেও অব্যাহত থাকবে এটাই আমার প্রত্যাশা।